আজকের কাগজ
[illegible]

তারিখ 28 APR 1992
পৃষ্ঠা ২ কলাম

## আগামী ৩০ এপ্রিল একদিনের শিক্ষা সম্মেলন

"সবার জন্যে শিক্ষা : সামাজিক সচেতনতা" এই শিরোনামে আগামী ৩০ এপ্রিল শিল্পকলা একাডেমির অডিটরিয়ামে একদিনের একটি সম্মেলন অনুষ্ঠিত হবে। শিক্ষা মন্ত্রণালয় এবং ইউনিসেফ যৌথভাবে এ সম্মেলনের আয়োজন করেছে।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এদিন সকাল ১০.৩০ মিঃ এ সম্মেলন উদ্বোধন করবেন এবং বিশেষ অতিথি হিসেবে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন ইউনিসেফের নির্বাহী পরিচালক যেমস পি, গ্রান্ট এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন শিক্ষা মন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দীন সরকার। অধ্যাপক শিক্ষামন্ত্রী অধ্যক্ষ মোহাম্মদ ইউনুসও এ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচি (সিপিই)'র অধীনে সকল উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা শিক্ষা অফিসার জেলা শিক্ষা কর্মকর্তা এবং জেলা পর্যায়ের অন্যান্য কর্মকর্তারা যথা, স্বাস্থ্য পরিবার পরিকল্পনা, সমাজকল্যাণ ও মহিলা বিষয়ক কর্মকর্তারা এ সম্মেলনে অংশগ্রহণ করবেন বলে সরকারি তথ্য বিবরণীতে জানানো হয়েছে। খবর বাসস।

দেশব্যাপী 'শিক্ষা দিবস' পালন করেছে। শিক্ষা দিবসের এবারের শ্লোগান ছিলো "শিক্ষা সুযোগ নয়, অধিকার।" ১৯৬২ সালে শিক্ষা সম্পর্কিত শরীফ কমিশন রিপোর্ট বাতিলের দাবিতে ছাত্ররা ধর্মঘট ডেকেছিলো। পুলিশ ধর্মঘট চলাকালে ছাত্রদের ওপর পুলিশের প্রকাশ্য গুলিতে মোস্তফা, বাবুল এবং ওয়াজি উল্লাহ এই ৩ জন ছাত্র নিহত হয়। উল্লেখ্য, ১৯৫৯ সালের ২৬ আগস্ট সাবেক শিক্ষা সচিব এস.এম শরীফকে প্রধান করে ঐ কমিশন গঠন করা হয়। তারা শিক্ষানীতির ওপর একটি নতুন রিপোর্ট করে। যা ছিলো বিজ্ঞানভিত্তিক শিক্ষা ও গণস্বার্থের পরিপন্থী। তথাপি পাকিস্তান সরকার ১৯৬১-৬২ শিক্ষা বর্ষে সেই রিপোর্ট কার্যকর করার সিদ্ধান্ত নেয়। আর তাই সরকারের এ সিদ্ধান্তের প্রতিবাদে প্রতিবাদমুখর হয়ে ওঠে ছাত্র সমাজ। ডাকে ধর্মঘট। পুলিশের গুলিতে নিহত হয় ৩ জন ছাত্র। ফলে ১৭ সেপ্টেম্বর শিক্ষা দিবস হিসেবে গৃহীত হয়। বিভিন্ন ছাত্র সংগঠন যথাযোগ্য মর্যাদায় এ দিবসটি প্রতিবছর পালন করে থাকে। খবর ইউএনবি।